

## PRESS CLIP

---

**Publication:-** Kolkata24X7.com (<https://www.kolkata24x7.com/12-chambers-taking-charge-in-24-market/>)

**Date: -** 12<sup>th</sup> April 2020

**Page :-** Online

**Article on Various Chambers of Commerce have taken responsibility of various markets in Kolkata for raising public awareness by maintaining social distance to tackle Corona Virus.**

## ২৪টি বাজারের পরিচ্ছন্নতার দায়িত্বে ১২টি বণিকসভা

By **Kolkata24x7 Sports Desk** -April 12, 2020



**কলকাতা:** করোনা মোকাবিলায় দেশজুড়ে শুরু হয়েছে লকডাউন। তবে এরইমধ্যে খাবার সংগ্রহের জন্য লোকজনকে বাজারে যেতে হচ্ছে। পাশাপাশি সেখানে পরিচ্ছন্নতা বজায় রাখা এবং সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টা সম্পর্কে মানুষকে সচেতন করা দরকার। এই কাজে এগিয়ে আসতে দেখা গিয়েছে ১২ টি বণিকসভা ও ব্যবসায়িক সংগঠনগুলিকে। যা করা হচ্ছে কর্পোরেট সামাজিক দায়িত্বের অঙ্গ হিসেবে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এ কথা জানিয়েছেন।

প্রসঙ্গত, নোবেলজয়ী অর্থনীতিবিদ অভিজিৎ বন্দ্যোপাধ্যায় বাজারগুলিতে স্যানিটাইজেশনের ব্যবস্থা করার কথা বলেছিলেন। তাছাড়া কয়েকদিন আগে মুখ্যমন্ত্রী বণিকসভা ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছিলেন। সেই সময় তিনি তাদের কাছে বাজারের দায়িত্ব নেওয়ার অনুরোধ জানিয়েছিলেন। এবার সেই অনুরোধে সাড়া দিয়ে বাজারের দায়িত্ব নিতে এগিয়ে এলো এইসব বণিকসভাগুলি।

মুখ্যমন্ত্রী জানিয়েছেন, বেঙ্গল চেম্বার অফ কমার্স, ভারত চেম্বার অফ কমার্স, অ্যাসোসেচম, সিআইআই, আইসিসি, মার্চেন্ট চেম্বার অফ কমার্স, ফিকি মত ১২টি চেম্বার অফ কমার্স ২৪টি বাজারের দায়িত্ব নিয়েছে।

এই প্রসঙ্গে বেঙ্গল চেম্বার অব কমার্সের সভাপতি বিশ্ববিহারী চট্টোপাধ্যায় জানিয়েছেন, তাদের দায়িত্বে পড়েছে যোধপুর পার্ক এবং গড়িয়াহাট বাজারের। তিনি জানান , সংশ্লিষ্ট বাজার সমিতিতে সঙ্গে নিয়েই এই কাজ তারা করবেন। মার্চেন্ট চেম্বার অফ কমার্সের ডেপুটি ডিরেক্টর জেনারেল শুভাশিস রায় জানিয়েছেন, তাদের দায়িত্বে পড়েছে পোস্তা বাজারের ।

মুখ্যমন্ত্রী জানিয়েছেন, বার বার জন্মায়ত ভিড় কমানোর কথা বলছেন প্রধানমন্ত্রী। সেই জন্য ভিড় এড়াতে বাজার গুলিকে যতটা সম্ভব ছড়িয়ে ছিটিয়ে দেওয়া হচ্ছে। সেই দিকটা পুলিশ নিয়ন্ত্রণ করবে। ইতিমধ্যেই সে কাজ বেশ কিছু এলাকায় পুলিশ শুরু করেছে বলে তিনি জানান।